

# সমকাল

## প্রশাসনের আশ্বাসে অবরোধ স্থগিত করলেন রাবি শিক্ষার্থীরা

১৬ নভেম্বর ২০১৯

---

রাবি প্রতিনিধি

---



সড়ক অবরোধ করে বিক্ষোভ করেন রাবি শিক্ষার্থীরা- সমকাল

এক শিক্ষার্থীকে পিটিয়ে মাথা ফাটানোর প্রতিবাদে আন্দোলনরত রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) শিক্ষার্থীরা সড়ক অবরোধ করে চালানো বিক্ষোভ কর্মসূচি স্থগিত করেছেন।

বিশ্ববিদ্যালয় প্রশাসনের আশ্বাসের পরিপ্রক্ষিতে রোববার সকাল ১০টা পর্যন্ত কর্মসূচি স্থগিত করেছেন তারা।

শুক্রবার গভীর রাতে বিশ্ববিদ্যালয়ের শহীদ শামসুজ্জোহা হলে বিশ্ববিদ্যালয়ের ফাইন্যান্স বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী সোহরাব মিয়াকে দুই ছাত্রলীগ কর্মী আসিফ লাক ও হুমায়ন কবির নাহিদ পিটিয়ে আহত করে বলে অভিযোগ ওঠে। আহত শিক্ষার্থীর মাথার তিন জায়গায় ১৫টি সেলাই দেওয়া হয়েছে বলে জানিয়েছেন চিকিৎসকরা। তিনি রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের ৮ নম্বর ওয়ার্ডে চিকিৎসাধীন রয়েছেন।